



বরিশালে শিক্ষামন্ত্রী  
উন্নত শিক্ষা ব্যবস্থা  
চালুই প্রধান  
চ্যালেঞ্জ

■ বরিশাল বারো শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সময়ের সঙ্গে এগিয়ে যেতে প্রয়োজন বরিশালের শিক্ষা ও প্রযুক্তির সমন্বিত ব্যবস্থা। সরকারের প্রধান চ্যালেঞ্জ হচ্ছে এমন উন্নত শিক্ষাব্যবস্থা চালু করা। এ জন্য আধুনিক প্রযুক্তি উপকরণ ও দক্ষ জনবলের সংযোজন করে দেশের শিক্ষারাবস্থায় সরকার যুগান্তরী পরিবর্তন এনেছে।

গতকাল শনিবার, সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বরিশালে শহীদ আবদুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামে পাঁচ দিনের শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের মানসিক, সাংস্কৃতিক ও শারীরিক বিকাশের জন্য বহুমুখী প্রতিযোগিতার আয়োজন অপরিহার্য। নতুন শিক্ষানীতিতে তা সংযোজন করা হয়েছে। তিনি শিক্ষার্থীদের সব বাধাবিপত্তি অতিক্রম- পৃষ্ঠা ১১ : কলাম ৬

উন্নত শিক্ষা ব্যবস্থা চালুই প্রধান চ্যালেঞ্জ

[তৃতীয় পৃষ্ঠার পর]

করে উন্নত ভবিষ্যতের জন্য মুক্তিযোদ্ধাদের মতো এগিয়ে যাওয়ার আহ্বান জানান।

জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেছে। দেশের ১০টি শিক্ষা বোর্ড নিয়ে চারটি আঞ্চলিক ভাগ করে আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ১১টি ইভেন্টে মারাদেশের মাড়ে পাঁচ হাজার স্কুল ও মাদ্রাসার এক লাখ ৩০ হাজার শিক্ষার্থী অংশ নেয়। পাঁচ দিনের চূড়ান্ত প্রতিযোগিতায় দেশসেরা ৬৭২ প্রতিযোগী অংশ নিচ্ছে।

গতকাল বরিশালে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুন। বিশেষ অতিথি ছিলেন সদর আসনের আওয়ামী লীগদলীয় সংসদ সদস্য শওকত হোসেন হিরন ও বরিশাল-২ আসনের সংসদ সদস্য তালুকদার মোহাম্মদ ইউনুস। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. কামাল আবদুল নাসের জৌধুরী, বিভাগীয় কমিশনার মো. নুরুল আমীন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তাপসিমা বেগম, বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. বিমল কৃষ্ণ মজুমদার, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক (কলেজ ও প্রশাসন) মো. আতাউর রহমান, জাতীয় স্কুল-মাদ্রাসা ক্রীড়া মুমিতির সম্পাদক ফারহানা হক, বরিশালের জেলা প্রশাসক মো. শহীদুল আলম প্রমুখ।

এদিকে, ক্রীড়া অনুষ্ঠানে যোগদানের আগে স্থানীয় সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে অনানুষ্ঠানিক ব্রিফিংয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, শুধু র‌‌‌ষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সংবর্ধিত করতে শিক্ষার্থীদের র‌‌‌ষ্ট্রায় দাঁড় করানো যেতে পারে। এ ছাড়া কোনো পর্যায়ের জনপ্রতিনিধিকে সংবর্ধনায় শিক্ষার্থীদের র‌‌‌ষ্ট্রায় দাঁড় করানো যাবে না। এ অপসংস্কৃতি পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, আগে শিক্ষার্থীদের র‌‌‌ষ্ট্রায় দাঁড় করানোর একটি অপসংস্কৃতি প্রচলিত ছিল। বিগত সরকারের সময় তিনি তা বন্ধ করে দেন। দশম জাতীয় সংসদ নির্বাচনের পর কিছু অতি উৎসাহী জনপ্রতিনিধির সংবর্ধনায় শিক্ষার্থীদের র‌‌‌ষ্ট্রায় দাঁড় করানো হয়েছে। এটা দুর্ভাগ্যজনক। এটা আর করতে দেওয়া হবে না।

বিকেসে ব্রজমোহন কলেজ মিলনায়তনে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের চুক্তিকা' সীর্ষক মতবিনিময় সভার আয়োজন করে কলেজ কর্তৃপক্ষ। এতে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সভাপতিত্ব করেন বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ফজলুল হক। ওই মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী বিএম কলেজের গৌরবোজ্জ্বল ঐতিহ্য ধরে রাখতে শিক্ষকদের প্রতি আহ্বান জানান। বিএম কলেজে প্রায় ১৮ কোটি টাকা ব্যয়ে একটি একাডেমিক ভবন ও ছাত্রাবাস এবং নগরীতে দুটি সরকারি বিদ্যালয়ের নির্মাণকাজ বন্ধ থাকায় মন্ত্রী ক্ষোভ প্রকাশ করেন এবং দ্রুত কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন।